গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
পৌর-২ শাখা
www.lgd.gov.bd

নং -৪৬.০০.০০০০.০৬৪.৩২.২১৪.২০- ২৫ তারিখঃ ২৬ মাঘ ১৪৩১ / ০৯ ফেব্রুয়ারি ২০২৫

বিষয়ঃ গাইবান্ধা জেলার পলাশবাড়ী পৌরসভাকে "গ" শ্রেণি হতে "খ" শ্রেণিতে উন্নীতকরণ সংক্রান্ত।

সূত্র: পলাশবাড়ী পৌরসভার স্মারক নং-৪০, তারিখ: ০৯/০১/২০২৫ খ্রি.।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোস্থ পত্রের পরিপ্রেক্ষিতে গাইবান্ধা জেলার পলাশবাড়ী পৌরসভাকে "গ" শ্রেণি হতে "খ" শ্রেণি পৌরসভায় উন্নীতকরণের লক্ষ্যে নিম্নোক্ত হালনাগাদ তথ্যাদিসহ পুনরায় প্রস্তাব প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলোঃ

ক. পৌরসভায় কর্মরত স্থায়ী ও অস্থায়ী কর্মকর্তা-কর্মচারীদের তালিকা;
খ. পৌরসভার বিগত ৩(তিন) অর্থ বছরের খাতওয়ারী রাজস্ব আয়ের বিবরণী (সরকারি অনুদান ও সাহায্য ব্যতীত) গড় আয় (শতকরা হারসহ);
গ. পৌরসভার ৩ (তিন) বছরের ব্যয় বিবরণী;
ঘ. বিগত ০৩ (তিন) অর্থ বছরের হোল্ডিং ট্যাক্সের দাবী ও আদায়ের পরিমাণ (শতকরা হারসহ);
ঙ. বিগত ০৩ অর্থ বছরের পৌর কর্মকর্তা-কর্মচারীদের বেতন-ভাতা ও গ্রাচুইটি পরিশোধের হালনাগাদ তথ্য;
চ. শ্রেণি পরিবর্তন হলে অর্গানোগ্রাম অনুযায়ী কর্মকর্তা/কর্মচারী পদায়ন করা হলে তাদের বেতন-ভাতা বাবদ অতিরিক্ত কত অর্থ প্রয়োজন হবে;
ছ. পৌরসভার অফিস নিজস্ব জায়গায় কিনা;
জ. স্থানীয় বিদ্যুৎ অফিস কর্তৃক বিদ্যুৎ বিল পরিশোধ সংক্রান্ত হালনাগাদ প্রত্যয়ন;
ঝ. ব্যাংক কর্তৃক প্রদত্ত রাজস্ব খাতে পৌরসভার ব্যাংক স্থিতির হালনাগাদ প্রত্যয়ন;
ঞ. কর্মকর্তা/কর্মচারীদের প্রত্যেকের নামে আনুতোষিকের তহবিল আছে কিনা;
ট. পৌরসভার কর্মকর্তা-কর্মচারীদের বেতন-ভাতা, আনুতোষিকের বকেয়া আছে কিনা;
ঠ. বিএমডিএফ এর কোন ঋণ রয়েছে কিনা এবং
ড. পৌরসভায় সর্বশেষ কবে এসেসমেন্ট হয়েছে।

০৯/০২/২০২৫

(মোঃ মামুনুর রশিদ)
সিনিয়র সহকারী সচিব
ফোন: ০২-২২৩৩৫৫৫৭২
e-Mail: lgpaura2@lgd.gov.bd

প্রশাসক
পলাশাবাড়ী পৌরসভা
গাইবান্ধা।

অনুলিপি:

১. অতিরিক্ত সচিব (নগর উন্নয়ন অনুবিভাগ), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. যুগ্মসচিব (নগর উন্নয়ন-২), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. মাননীয় উপদেষ্টার একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।